ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# সংবাদ বিজ্ঞপ্তি

## শেয়ারবাজারে শর্তহীনভাবে অপ্রদর্শিত অর্থ বিনিয়োগের সিদ্ধান্ত সংবিধান প্রদত্ত সকল নাগরিকের সম অধিকারের পরিপন্থী

ঢাকা, ২২ নভেম্বর, ২০১১: শেয়ারবাজারে বিনিয়োগ বৃদ্ধি ও বর্তমান সংকট উত্তরণের উপায় হিসেবে প্রণোদনা প্যাকেজের আওতায় অপ্রদর্শিত আয়ের উৎস সম্পর্কে কোন প্রশ্ন করা হবে না মর্মে আজ পত্রিকান্তরে প্রকাশিত জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্তের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, 'শেয়ারবাজারে অপ্রদর্শিত অর্থের বিনিয়োগ সংবিধানের অনুচ্ছেদ ২০(২) এর পরিপন্থী। কেননা, অনুপার্জিত অর্থ ভোগে কেউ যেন সমর্থ না হয় সে জন্য রাষ্ট্রের প্রয়াসকে সাংবিধানিকভাবে আবশ্যিক করা হয়েছে। এ ছাড়া সংবিধানের মৌলিক অধিকারের অনুচ্ছেদ ২৭ এ সকল নাগরিকগণ সমান অধিকারের ভিত্তিতে সমান সুযোগ সুবিধা লাভ করবেন বলা হলেও এ ধরনের প্রণোদনার মাধ্যমে দুর্নীতিকে উৎসাহ দেয়া ও সৎ উপার্জনকারীর প্রতি বৈষম্যের প্রতিষ্ঠানীকরণের নামান্তর। এর ফলে অসৎ উপায়ে উপার্জনকারীকে শেয়ারবাজারে বিনিয়োগে উৎসাহিত করা হবে, ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীগণ আরো বেশিমাত্রায় ক্ষতিগ্রস্ত হবেন এবং মুষ্ঠিমেয় কিছু বিনিয়োগকারীর দখলে এই বাজার কুক্ষিগত হবে।'

তিনি আরো বলেন, ''রোগের কারণ নির্ণয় না করে শুধুমাত্র রোগের লক্ষণের উপর ভিত্তি করে ব্যবস্থাপত্র গ্রহণের ফলে রোগের পরিধি ও ব্যাপ্তি বরং বেড়ে যায় । জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত এই সিদ্ধান্ত নৈতিকতা ও শেয়ারবাজারে সুস্থ প্রতিযোগিতার মাপকাঠিতে কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। এই ধরনের সংবিধানবিরোধী সিদ্ধান্ত প্রকারান্তরে অসদুপায়ে আয়কে উৎসাহিত করবে যা মহাজোট সরকারের দুর্নীতিবিরোধী নির্বাচনী অঙ্গীকারের পরিপন্থী।'' অন্যদিকে শেয়ার বাজারের সমস্যা ও উত্তরণের উপায় চিহ্নিত করতে নিযুক্ত খন্দকার ইব্রাহীম খালেদের নেতৃত্বে গঠিত 'তদন্ত কমিটির' প্রদত্ত সুপারিশ বাস্তবায়ন ও যারা বাজারের স্থিতিশীলতা বিপন্ন করার জন্য দায়ী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করে এ ধরনের পদক্ষেপ প্রকারান্তরে বাজারের অশুভ শক্তিকেই আরো উৎসাহিত করবে বলে মনে করে টিআইবি।

পুঁজিবাজারে শর্তহীনভাবে কালো টাকা বিনিয়োগের আত্মঘাতী এই সিদ্ধান্ত বাতিল করে সংশিষ্ট সকল স্টেকহোল্ডারদের সাথে নিয়ে উক্ত তদন্ত কমিটির সুপারিশ সম্পূর্ণ নির্মোহভাবে বিশেষণপূর্বক কার্যকর সিদ্ধান্ত গ্রহণের আহ্বান জানিয়েছে টিআইবি।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান-উল-আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২